গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
**বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম**
চিড়িয়াখানা রোড, মিরপুর-১
ঢাকা-১২১৬
www.bnh.gov.bd

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

## বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ইনোভেশন কার্যক্রম অগ্রগতির উপর আয়োজিত পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ রাশেদুল হাকিম, প্রোগ্রামার ও ইনোভেশন অফিসার, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।
সভার তারিখ : ০৭ জানুয়ারি ২০২১ খ্রি. সকাল ১১.০০ টা ।
স্থান : লাইব্রেরী কক্ষ, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম ।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার শুরুতে সকল সদস্যকে অবহিত করেন যে, গত ০৪ নভেম্বর ২০২০ তারিখের ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত :

ক) হারবেরিয়ামের প্রদত্ত ৩টি সেবা যথা : ১। উদ্ভিদ নমুনা সনাক্তকরণ ২। উদ্ভিদ নমুনার একসেশন নম্বর প্রদান ও ৩। হারবেরিয়াম, গবেষণা অনুমতি ও সহযোগিতা প্রদানের জন্য ২০২০-২১ অর্থবছরের মধ্যে মোবাইল অ্যাপস তৈরীর কাজ সম্পন্ন করতে হবে;

খ) হারবেরিয়াম স্পেসিমেনের অনলাইনভিত্তিক তথ্য প্রাপ্তির লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরের মধ্যে 'ডিজিটাল হারবেরিয়াম' ডেস্কটপ/ল্যাপটপ বেইজড সফটওয়ার প্রস্তুতপূর্বক অনলাইনভিত্তিক সেবা প্রদান করতে হবে;

' এই ২টি ইনোভেশন আইডিয়া হারবেরিয়ামের পরিচালক মহোদয়ের সক্রিয় নির্দেশনায় ইতিমধ্যে বাস্তবায়নের কার্যক্রম শুরু হয়েছে এবং আনুমানিক ৬৫% কাজ সম্পন্ন হয়েছে। ২টি সফটওয়ার প্রতিষ্ঠানের মাধ্যমে এ কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে বলে সভাপতি সকলকে অবহিত করেন। এ পর্যায়ে তিনি ইনোভেশন পরিকল্পনার আলোকে বিষয়ভিত্তিক কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য ইনোভেশন কমিটির সদস্যদের অনুরোধ করেন। সভায় হারবেরিয়ামের সহকারী পরিচালক (প্রশা:) জনাব নাজমুল কবীর হারবেরিয়ামের কর্মকর্তার সংখ্যা স্বল্প বিবেচনায় প্রশিক্ষণ আয়োজনের অসুবিধার কথা সভায় উল্লেখ করেন। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব খন্দকার কামরুল ইসলাম ইনোভেশন কর্মপরিকল্পনায় অনেক বিষয়ে হারবেরিয়ামের সীমাবদ্ধতার কথা উল্লেখ করেন। যেমন : বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম দেশীয় উদ্ভিদ সংক্রান্ত একমাত্র জাতীয় গবেষণা প্রতিষ্ঠান যার কোন মাঠ পর্যায়ে শাখা অফিস নেই। তাই ২০২০-২১ ইনোভেশন কর্ম পরিকল্পনার আলোকে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে হারবেরিয়ামের অন্তরায়ের বিষয়ে সকলে ঐক্যমত পোষণ করেন। সভাপতি এসব অসুবিধা থাকা সত্বেও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়া ও বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন।

৩। সভার সিদ্ধান্তসমূহ :

৩.১) ২০২০-২১ অর্থবছরের মধ্যে মোবাইল অ্যাপস তৈরীর অসম্পুর্ণ কাজ সম্পন্ন করার লক্ষ্যে এর বাস্তবায়ন অগ্রগতি দ্রুততর করতে হবে;

৩.২) ২০২০-২১ অর্থবছরের মধ্যে 'ডিজিটাল হারবেরিয়াম' সফটওয়ার প্রস্তুতির অবশিষ্ট কাজ সম্পন্ন করার লক্ষ্যে এর বাস্তবায়ন অগ্রগতি দ্রুততর করতে হবে;

৩.৩) ফেব্রুয়ারি ২০২১ এর মধ্যে হারবেরিয়ামে ইনোভেশন কার্যক্রমের উপর কমপক্ষে ১ দিনের প্রশিক্ষনের আয়োজন করতে হবে।

সভায় আর কোন বিষয় অন্তর্ভূক্তি না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৭/০১/২০২১

(মোহাম্মদ রাশেদুল হাকিম)
প্রোগ্রামার ও ইনোভেশন অফিসার,
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

**বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম**

চিড়িয়াখানা রোড, মিরপুর-১,
ঢাকা-১২১৬
www.bnh.gov.bd

তারিখ : ০৭ জানুয়ারি ২০২১

## ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভায় সদস্যগণের উপস্থিতি তালিকা

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ইনোভেশন কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা সভায় সদস্য হিসেবে অদ্য ০৭/০১/২০২১ খ্রিঃ সকাল ১১:০০ ঘটিকায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা।

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১. | মাহমুদা আখতার, ঊর্ধ্বতন আর্টিস্ট কাম ইলাস্ট্রেটর | 01726787878 | [signature] 07/01/2021 ইং |
| ২. | নাইমুর ওসমান, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উপ-পরিচালক (ভা: প্র) | 01913 231675 | [signature] 7.1.21 |
| ৩. | মোহাম্মদ অর্কিডুল ইসলাম, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | 01718257045 orchidul_islam@gmail.com | [signature] 07.01.21 |
| ৪. | রোখসানা খানম, অ্যাসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান | 01610012340 rokhsanak275@gmail.com | RKhanam 07.01.2021 |
| ৫. | শেখ মো: আহসান হাবীব, সি: বোটানিক্যাল ইলাস্ট্রেটর | 01716591352 bnh.ahsan.habib@gmil.com | [signature] 07/01/2021 |
| ৬. | | | |
| ৭. | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
**বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম**
চিড়িয়াখানা রোড, মিরপুর-১
ঢাকা-১২১৬
www.bnh.gov.bd

নং-বান্যাহা-প্রশা:(ইনোভেশন)/২০২১/১১(ক) তারিখ : ৫ জানুয়ারি ২০২১

## সভার নোটিশ

বিষয়: **বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা সভা।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের উদ্ভাবনী (Innovation) উদ্যোগসমূহের অগ্রগতি বিষয়ক এক পর্যালোচনা সভা আগামী ০৭/০১/২০২০ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় হারবেরিয়ামের লাইব্রেরী কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় হারবেরিয়ামের পরিচালক মহোদয়ের অনুমতিক্রমে সভাপতিত্ব করবেন মোহাম্মদ রাশেদুল হাকিম, ইনোভেশন অফিসার ও প্রোগ্রামার, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

উক্ত সভায় হারবেরিয়ামের ইনোভেশন টিমের সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫/০১/২১
(মোহাম্মদ রাশেদুল হাকিম)
ইনোভেশন অফিসার ও প্রোগ্রামার,
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

**বিতরণঃ**

১। জনাব মাহমুদা আকতার, সদস্য, ইনোভেশন টিম ও উর্ধ্বতন আর্টিষ্ট-কাম-ইলাস্ট্রেটর, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
২। জনাব নাইমুর রহমান, সদস্য, ইনোভেশন টিম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উপ-পরিচালক (প্রশা:) অতি. দায়িত্ব, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৩। জনাব খন্দকার কামরুল ইসলাম, সদস্য, ইনোভেশন টিম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৪। জনাব মো: নাজমুল কবীর, সদস্য, ইনোভেশন টিম, সহকারী পরিচালক (প্রশা:), বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৫। জনাব শাহ্ মো: আহসান হাবীব, সদস্য, ইনোভেশন টিম, সিনিয়র হার্বেরিয়াম টেকনিশিয়ান, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৬। বেগম রোখসানা খানম, সদস্য, ইনোভেশন টিম, সহকারী লাইব্রেরীয়ান, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৭। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে :**

১। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, ঢাকা।

RKhanam

C:\Users\Rashed\Desktop\Innovation\Innovation_2019Meeting Notice.doc